

এসএসসি পরীক্ষার ফরম পূরণ চট্টগ্রামে গলাকাটা ফি আদায়ের অভিযোগ

আহমেদ মুসা, চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রামে বেসরকারি স্কুলগুলোতে এসএসসি পরীক্ষার ফরম পূরণে আদায় করা হচ্ছে গলাকাটা ফি। শিক্ষা মন্ত্রণালয় ও চট্টগ্রাম শিক্ষা বোর্ডের নির্দেশনা অমান্য করে স্কুল কর্তৃপক্ষ

নির্ধারিত ফি'র তিন থেকে চারগুণ বেশি টাকা আদায় করছে। এতে করে ফরম পূরণে হিমশিম খাচ্ছে বিশেষ করে নিম্নমধ্যবিত্ত ও গরিব ঘরের শিক্ষার্থীরা। অথচ হাইকোর্ট গত বছরও বোর্ড নির্ধারিত ফি'র চেয়ে অতিরিক্ত ফি আদায় না করতে সুমোনোটো রুল জারি করে শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা বোর্ডের পাশাপাশি কয়েকটি বিদ্যালয় প্রধানকে কারণ দর্শানোর নির্দেশনা প্রদান করেছিলেন। তখন অতিরিক্ত ফি আদায় বন্ধ হলেও এ বছর এসএসসি পরীক্ষার ফরম পূরণ শুরু হওয়ার সঙ্গে সঙ্গে আবারও সেই পুরনো অভিযোগ উঠেছে। একাধিক স্কুলে খবর নিয়ে বোর্ড নির্ধারিত ফি'র অতিরিক্ত অর্থ আদায় করার খবর পাওয়া গেছে। এমন অভিযোগে বুধবার চট্টগ্রাম প্রেস ক্লাবের সামনে মানববন্ধনও করে কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা।

বৃহস্পতিবারও চট্টগ্রাম শিক্ষা বোর্ডের সামনে নগরীর কয়েকটি স্কুলের শিক্ষার্থীরা অবস্থান ধর্মঘট পালন করে। সংশ্লিষ্ট সূত্র জানায়, এবার এসএসসি পরীক্ষার ফরম পূরণে বোর্ড নির্ধারিত ফি বিজ্ঞানের শিক্ষার্থীদের জন্য ১ হাজার ৪৪৫ টাকা আর মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের জন্য ১ হাজার ৩৫৫ টাকা। কিন্তু নগরীর স্কুলগুলোতে ফি আদায় করা হচ্ছে নির্ধারিত ফি'র কয়েকগুণ বেশি। দক্ষিণ হালিশহর উচ্চ বিদ্যালয়ে বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের কাছ থেকে এসএসসির ফরম পূরণে ৮ হাজার

অভিযোগ : আদায়ের

(৩য় পৃষ্ঠার পর)

৮০০ টাকা ও মানবিক বিভাগের শিক্ষার্থীদের কাছ থেকে ৮ হাজার ৭০০ টাকা আদায় করা হচ্ছে। একইভাবে বারিক মিয়া উচ্চ বিদ্যালয়ে যথাক্রমে ৫ হাজার ২০০ ও ৫ হাজার ১০৫ টাকা, বন গবেষণা উচ্চ বিদ্যালয়ে ৫ হাজারের বেশি এবং খাজা আজমের উচ্চ বিদ্যালয়ে ৪ হাজার টাকার বেশি নেয়া হচ্ছে। নগরীর অন্যান্য স্কুলেও একইভাবে নেয়া হচ্ছে গলাকাটা ফি। এদিকে নগরীতে সিটি কর্পোরেশন পরিচালিত স্কুলগুলোতে প্রথমদিকে বিজ্ঞানে ৫ হাজার ৩৪৫ এবং মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় ৫ হাজার ২৫৫ টাকা করে ফি নির্ধারণ করে দেয়া হলেও পরে বোর্ড নির্ধারিত ফি নেয়ার নির্দেশনা দিয়ে পুননোটিশ দিয়েছে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের শিক্ষা বিভাগ। ২০১৬ সালে বন গবেষণা উচ্চ বিদ্যালয় থেকে এসএসসি পরীক্ষায় অংশ নেয়ার জন্য ফরম পূরণকারী সাইফুল ইসলাম নামে এক শিক্ষার্থী তাদের কাছ থেকে অতিরিক্ত ফি আদায় করা হচ্ছে বলে অভিযোগ করেন। অভিযোগ প্রসঙ্গে বন গবেষণা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সৈয়দা মাসকুরা আজহার যুগান্তরকে বলেন, অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ সত্য নয়। শিক্ষার্থী ও অভিভাবকরা ভুল বুঝছেন। তারা ফরম পূরণের ক্ষেত্রে বোর্ড নির্ধারিত ফি নিচ্ছেন বলে দাবি করেন। কিছু শিক্ষার্থী মানববন্ধনে গিয়ে এ সম্পর্কে সাংবাদিকদের ভুল তথ্য দিয়েছে বলে জানান তিনি।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ শাহজাহান বুধবার এ প্রসঙ্গে যুগান্তরকে বলেন, বোর্ড নির্ধারিত ফি'র অতিরিক্ত আদায় করা হলে এবং এ সংক্রান্ত সুনির্দিষ্ট অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

অভিযোগ : পৃষ্ঠা ৭ : কলাম ৬